গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপপরিচালকের দপ্তর

# সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ আফতাব হোসেন, উপপরিচালক |
| সভার তারিখ | ২৬ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয় এবং ভার্চুয়াল প্লাটফর্ম (Zoom Apps) |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

উপস্থিত/ ভার্চুয়াল প্লার্টফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। দেশের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে মৎস্যখাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ নিরলস কাজ করছে মর্মে স্বগত বক্তব্যে সভাপতি উল্লেখ করেন। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিভাগের বিভিন্ন পর্যায়ের কার্যালয়সমূহে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে জনবান্ধব আচরণ ও সরকারি  চাকরিবিধির পূর্ণাঙ্গ অনুসরণের উপর গুরুত্বারোপ করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ আলোচ্যসূচি ও অন্যন্য বিষয় উপস্থাপন করেন এবং আলোচনা অনুসারে সিদ্ধান্ত গৃহীত হয়।

সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ তুলে ধরেন। কর্মপরিকল্পনা অনুসারে বছরের ৪টি ত্রৈমাসিকে ১টি করে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। মৎস্য সংশ্লিষ্ট সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন, বিধি, নির্দেশনা, নীতিমালা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিধৃত সময় ও পন্থা অনুসরণের বিষয়ে আলোচনান্তে উপস্থিত কর্মকর্তাগণ নির্ধারিত সময় ও নিয়মে সেবা প্রদানে একমত পোষণ করেন।

সভায় সরাসরি ও অনলাইনে সংযুক্ত সকল অংশীজনকে সংশ্লিষ্ট বিষয়ে নিজস্ব বক্তব্য প্রদানের অনুরোধ জানানো হয়।

রুপালী মৎস্য হ্যাচারী, ফুলপুর, ময়মনসিংহ এর স্বত্ত্বাধিকারী জনাব জাহাঙ্গীর আলম বলেন যে, মৎস্য খাদ্যের অতিরিক্ত দাম মৎস্য উৎপাদনের ক্ষেত্রে বড় অন্তরায়।  তিনি ময়মনসিংহ বিভাগের মৎস্য উৎপাদন ও এখাতে উদ্যোক্তা বিবেচনায় সকলের দোরগোড়ায় সম্প্রসারণ সেবা পৌঁছে দিতে লোকবল বৃদ্ধির তাগিদ দেন। তিনি মাছের পুষ্টিগুণ সম্পর্কে সকলকে অবহিত করতে এবং বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের নিকট মৎস্যজাত পণ্যকে জনপ্রিয় করতে প্রচারণা চালানোর অনুরোধ করেন এবং এক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদানের অঙ্গীকার ব্যক্ত করেন।

মৎস্যচাষি আনোয়ার হোসেন বাবুল মৎস্যখাতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিভিন্ন ধরণের অংশীজনের অংশগ্রহণে এধরণের আয়োজনকে যুগোপযোগী উল্লেখ করে চাষী পর্যায়ে সম্প্রসারণ সেবা ও উপকরণ সহায়তা বৃদ্ধির আহ্বান জানান। নেত্রকোণা সদর উপজেলার মৎস্যচাষি প্রাপ্ত সাহা বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে চাষীকে উপকরণ সহায়তা প্রদানের মাধ্যমে মৎস্য অধিদপ্তরকে চাষির পাশে থাকার অনুরোধ করেন।

কাজী মৎস্য হ্যাচারি ব্যবস্থাপক মো: রাশেদুল ইসলাম সবুজ এ ধরণের সভা মৎস্য অধিদপ্তর ও এখাতের বিভিন্ন অংশীজনের মধ্যে মিথস্ক্রিয়া বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা পালন করবে উল্লেখ করে ভবিষ্যতেও আয়োজন অব্যাহত রাখার অনুরোধ করেন।

মেলান্দহ উপজেলার মৎস্যচাষি মো: জাকির হোসেন, রাজিব এবং নকলা উপজেলার মৎস্যচাষি মো: শফিউল মৎস্যখাদ্যের মূল্য কমানোর পাশাপশি মাছের বাজারদর বৃদ্ধিতে অধিদপ্তরের ভূমিকা প্রত্যাশা করেন।

জেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর জুম প্লাটফর্মে (zoom app) অংশীজনের অংশগ্রহনের মাধ্যমে এইরকম সুন্দর আয়োজনের জন্য উপপরিচালকের কার্যালয়কে ধন্যবাদ জানান। হ্যাচারী মালিক ও মৎস্য চাষীরা সভায় সংযুক্ত থাকায় তাদের সমস্যা ও পরামর্শগুলো মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগের কাছে উপস্থাপনের সুযোগ পেয়েছেন উল্লেখ করে শেরপুর জেলায় মৎস্যখাতে জড়িত অংশীজনকে সেবা প্রাপ্তিতে কোন সমস্যা থাকলে অথবা যেকোন অভিযোগ সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর দাখিলের অনুরোধ করেন।

জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে ময়মনসিংহ জেলায় এখাতের ভবিষ্যৎ কর্মপন্থা বাস্তবায়নে সকলের অংশগ্রহণ প্রত্যাশা করেন। মৎস্যখাতে সুশাসন প্রতিষ্ঠার জন্য মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ জেলা গৃহীত সংশ্লিষ্ট সকল পদক্ষেপ বাস্তবায়নে সকলের সহায়তা কামনা করেন।

মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগের কর্মকর্তা, মালিক ও মৎস্য চাষীদের সমন্বিত বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<u>সিদ্ধান্ত ১</u>

বিভাগের প্রতিটি কার্যালয়ে নিয়মিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা করতে হবে এবং কার্যবিবরণী অব্যবহিত উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

<u>সিদ্ধান্ত ২</u>

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত নাগরিক পর্যায়ে তথ্য প্রাপ্তির বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা পূর্বক তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে তথ্য প্রান করতে হবে।

<u>সিদ্ধান্ত ৩</u>

বিভাগীয় সেবা প্রদানের ক্ষেত্রে সুশাসনের অন্তরায় কোন কাজ করা যাবেনা এবং সংশ্লিষ্ট আইন-বিধি অনুসরণ করতে হবে।


আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৬.০৯.২০২২
ড. মোঃ আফতাব হোসেন
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
ময়মনসিংহ বিভাগ

স্মারক নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০৭.১৯.৩১৯

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ
২) সিনিয়র সহকারী পরিচালক, ময়মনসিংহ/নেত্রকোণা/শেরপুর
৩) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ
৪) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ
৫) হ্যাচারী মালিক/মৎস্যচাষি/উদ্যোক্তা, ময়মনসিংহ বিভাগ



২৭.০৯.২০২২
মুহাম্মদ সালাহ্ উদ্দীন কবির
সহকারী পরিচালক
মৎস্য অধিদপ্তর
ময়মনসিংহ বিভাগ